**জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)**
ময়মনসিংহ
www.nape.gov.bd

# বিজ্ঞপ্তি

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব খাতে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের সাথে সম্পর্কিত ৫ টি ক্ষুদ্র গবেষণা কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করেছে। এ কার্যক্রমের জন্য আগ্রহী ও পারদর্শী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষকগণের নিকট থেকে গবেষণা প্রস্তাবনা আহ্বান করা যাচ্ছে।

প্রত্যেকটি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য একটি গবেষণা টীম গঠন করতে হবে। প্রতিটি টীমে একজন টীম লিডার ও ২/৩ জন সহযোগী গবেষক থাকতে পারবেন। গবেষণা টীম গঠনের ক্ষেত্রে পিটিআইয়ের সুপারিনটেনডেন্ট, সহকারী সুপারিনটেনডেন্ট, ইন্সট্রাক্টর,পিটিআই /ইউআরসি, পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক, প্রথিমিক বিদ্যালয়ের শিক্ষক এবং মাঠ পর্যায়ে কর্মরত প্রাথমিক শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (ডিপিইও, এডিপিইও, ইউপিইও, এইউপিইও ইত্যাদি) গবেষক হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। গবেষণা প্রস্তাবনা নির্ধারিত কাঠামো অনুযায়ী প্রস্তুত করে আগামী ২০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে। গবেষণা প্রস্তাবনা হার্ড কপি আকারে "অনুষদ প্রধান, গবেষণা ও শিক্ষাক্রম অনুষদ, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ" ঠিকানায় অথবা সফট কপি আকারে ই-মেইলে nape.research@gmail.com এ পাঠাতে হবে। যেসব গবেষক পূর্বে কোনো স্বীকৃত জার্নালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন, তাদেরকে গবেষণা প্রস্তাবনা জমা দেওয়ার জন্য বিশেষভাবে উৎসাহিত করা যাচ্ছে। প্রতিটি ক্ষুদ্র গবেষণা কার্যক্রমের জন্য সর্বোচ্চ ররাদ্দকৃত বাজেট ২,০০,০০০/- (দুই লক্ষ মাত্র) টাকা।

**গবেষণা প্রস্তাবনা কাঠামো:**

১. গবেষণার শিরোনাম (Research Title)
২. ভূমিকা / প্রেক্ষাপট (Introduction/Background)
৩. গবেষণার সমস্যা (Research Problem)
৪. গবেষণার যৌক্তিকতা (Rationale of the Research)
৫. গবেষণার উদ্দেশ্য/গবেষণা প্রশ্ন (Objective/Research Question)
৬. গবেষণা পরিধি (Research Area)
৭. গবেষণার পদ্ধতি (Research Methodology)
- গবেষণার ডিজাইন (Research Design/Paradigm of Research)
- নমুনায়ন (Sampling)
- গবেষণার টুলস (Research Tools)
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি (Data collection and Analysis Method)
- প্রতিবেদন প্রণয়ন (Drafting Report)
- রেফারেন্স (APA System)

৮. গবেষণার টাইমলাইন (Research Timeline)
৯. বাজেট বিভাজন (Budget Breakup)
১০. উপসংহার (Conclusion)

গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য সংযুক্তি-১ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিজ্ঞপ্তি-সংক্রান্ত বিষয়ে কিছু জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে মোবাইল ফোনে (০১৭১৭-৬০৯৬০৯) যোগাযোগ করা যেতে পারে।
মহাপরিচালক, নেপ মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

২৬/০৭/২০২৫

(মোঃ জহুরুল হক)
উর্ধ্বতন বিশেষজ্ঞ
ও
অনুষদ প্রধান
গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
২। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪১৩.৬৮.০০২.০৬.১৮-৫১০

তারিখ: ০৮ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা

৩। যুগ্মসচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

৫। বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) ..........(সকল)

৬। উপপরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা

৭। উপপরিচালক (প্রশাসন/মূল্যায়ন), জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

৮। প্রোগ্রামার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ

১০। পিএ টু ডিজি, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১১। অফিস নথি

২৩/০৭/২৫

(মোঃ জহুরুল হক)
ঊর্ধ্বতন বিশেষজ্ঞ

## সংযুক্তি-১:

**গবেষণা কার্যক্রম প্রক্রিয়া**

- প্রস্তাবনা জমাদান
- প্রস্তাবনা যাচাই
- প্রস্তাবনা অনুমোদন
- গবেষণা আদেশ প্রদান
- গবেষণা পরিচালনা
- ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রদান
- গবেষণার খসড়া প্রতিবেদন জমাদান
- গবেষণার খসড়ার উপর ফিডব্যাক প্রদান
- গবেষণা প্রতিবেদন চূড়ান্তকরণ
- চূড়ান্ত প্রতিবেদন জমাদান

### গবেষণার পরিধি

নেপ কর্তৃক পরিচালিত গবেষণার পরিধি নিম্নরূপ হবে:

(ক) প্রাথমিক শিক্ষায় পরিচালিত শিক্ষামূলক কার্যক্রম/প্রজেক্ট/প্রোগ্রাম;

(খ) প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল, শিক্ষা উপকরণ, সহশিক্ষাক্রমিক কার্যক্রম, শিক্ষার্থী ও শিখন মূল্যায়ন;

(গ) প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ও শিক্ষক সহায়িকা;

(ঘ) শিক্ষায় প্রযুক্তির ব্যবহার;

(চ) শিক্ষকদের মৌলিক প্রশিক্ষণসহ বিভিন্ন প্রশিক্ষণ, পেশাগত দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ বাস্তবায়ন, প্রয়োগ, প্রভাব, মনিটরিং ও ফলাবর্তন;

(ছ) আদিবাসী, প্রতিবন্ধী শিশু, পথশিশু ও অন্যান্য সুবিধাবঞ্চিত শিশুর শিখন-শেখানো কার্যক্রম;

(জ) একীভূত শিক্ষা ও জেন্ডার সংবেদনশীলতা;

(চ) জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটে আলোচিত প্রাক-প্রাথমিক এবং প্রাথমিক স্তরের শিখনঘাটতি, পরিবর্তনশীল প্রবণতা ইত্যাদি।

### গবেষণা অনুমোদন প্রক্রিয়া ও সময়সীমা

ক) **প্রস্তাবনা আহ্বান:** গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের অনুষদ প্রধান কর্তৃক গবেষণা প্রস্তাবনা অনুষদ সদস্য/কর্মকর্তাদের নিকট থেকে আহ্বান: পত্রে বর্ণিত সময় মোতাবেক।

খ) **প্রস্তাবনা উপস্থাপন ও যাচাই:** গবেষণা প্রস্তাবনা পাওয়ার পর গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচন। সময়সীমা ০৭ **সেপ্টেম্বর, ২০২৫** ।

গ) **প্রস্তাবনা অনুমোদন:** প্রাথমিকভাবে নির্বাচিত গবেষণা প্রস্তাবনাসমূহ 'নেপ গবেষণা কমিটি' এর নিকট অনুমোদনের জন্য উপস্থাপন এবং কমিটির সুপারিশের প্রেক্ষিতে গবেষণা প্রস্তাব (সমূহ) পরিমার্জনের জন্য সংশ্লিষ্ট গবেষক/(গণ)কে পরামর্শ প্রদান: সময়সীমা ২০ **সেপ্টেম্বর, ২০২৫;**

ঘ) **পত্র জারি:** গবেষণা প্রস্তাবনা/প্রস্তাবনাসমূহের অনুমোদন ও এর অনুকূলে দপ্তরাদেশ জারিকরণ: সময়সীমা **২৫ সেপ্টেম্বর, ২০২৫;**

ঙ) **অর্থ ছাড়:** অনুমোদিত গবেষণা প্রস্তাবনা/ প্রস্তাবনাসমূহের অনুকূলে ১ম কিস্তির অগ্রিম অর্থ প্রদান: সময়সীমা ৩০ **সেপ্টেম্বর ২০২৫** গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ অগ্রিম অর্থ প্রদানে সুপারিশ করবে।

চ) **গবেষণা কার্যক্রমের মেয়াদ:** ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব খাতে চলমান ৬টি ক্ষুদ্র গবেষণা কার্যক্রম পরিচালনার সময়সীমা জুলাই ২০২৫ হতে এপ্রিল ২০২৬।

ছ) **গবেষণা কার্যক্রম আরম্ভ:** নেপ গবেষণা কমিটি কর্তৃক অনুমোদনের পর অফিস আদেশ জারির তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

## গবেষণা অগ্রগতি পর্যালোচনা

প্রধান গবেষক তিন মাস পর পর গবেষণা কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত ছকে মহাপরিচালক, নেপ বরাবর পেশ করবেন।

ক) সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের (নেপ-এর দয়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) মতামত অনুসারে গবেষণার খসড়া প্রতিবেদন তৈরি করা হবে।

খ) খসড়া প্রতিবেদন নেপ কর্তৃক আয়োজিত গবেষণা সেমিনারে উপস্থাপন করা হবে।

গ) সেমিনারের সুপারিশের ভিত্তিতে খসড়া প্রতিবেদন চূড়ান্ত করা হবে।

ঘ) চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের সফট কপি এবং প্রিন্টেড কপি গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ প্রধানের নিকট জমা প্রদান করা হবে।

ঙ) গবেষণার প্রিন্টেড কপি নেপ এর গ্রন্থাগার ও গবেষণা অনুষদের নিকট সংরক্ষিত থাকবে। এছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গ্রন্থাগারে সংরক্ষণের জন্য কপি পাঠানো হবে।

## তহবিলের উৎস

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর রাজস্ব বাজেটের গবেষণা উপখাতে বরাদ্দকৃত অর্থ হতে গবেষণার ব্যয়ভার বহন করা হবে।

## প্রধান গবেষক ও গবেষকগণের সম্মানী

ক) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে নেপ এর রাজস্ব থেকে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ শতকরা ৪০ ভাগ অর্থ প্রধান গবেষক ও গবেষকগণ সম্মানী হিসেবে গ্রহণ করতে পারবেন;

খ) প্রধান গবেষক এবং গবেষকগণ গবেষণার প্রয়োজনে করা ভ্রমণ ভাতা সংশ্লিষ্ট গবেষণার বাজেট হতে গ্রহণ করবেন। নেপ হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

## গবেষণার বাজেট বিভাজন

গবেষণার বাজেট বিভাজনে নিম্নলিখিত বিষয় অন্তর্ভুক্ত থাকবে:

### গবেষণা পরিচালনা বাজেট (গবেষক কর্তৃক)

ক) প্রধান গবেষক ও গবেষকের সম্মানী;

খ) গবেষণা সহায়তা ব্যয় (যাতায়াত ও দৈনিক ভাতা, গবেষণার টুলস মুদ্রণ, তথ্যসংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং খসড়া ও চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত, স্টেশনারি ও প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় ইত্যাদি);

গ) অনুমোদিত গবেষণা প্রস্তাবনার আলোকে সংশ্লিষ্ট প্রধান গবেষক গবেষণার বাজেট বিভাজন (সম্মানী ও গবেষণা সহায়তা ব্যয়ের উপখাতসমূহ) অনুষদ প্রধান (গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ)-এর নিকট পেশ করবেন। প্রতিটি অনুমোদিত গবেষণার বাজেট বিভাজন মহাপরিচালক, নেপ কর্তৃক অনুমোদিত হতে হবে;

**গবেষণা সহায়তা বাজেট (গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক)**

ক) খসড়া প্রতিবেদন বিবেচনার উদ্দেশ্যে আয়োজিত সেমিনারে সভাপতি, আলোচক ও র‍্যাপোর্টিয়ার বিধিমোতাবেক সম্মানী প্রাপ্য হবেন, যা নেপের গবেষণা বাজেট থেকে মেটানো হবে;

খ) গবেষণা সংশ্লিষ্ট সেমিনার নেপের গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদ কর্তৃক আয়োজন করা হবে এবং এ সংক্রান্ত ব্যয়ভার নেপের গবেষণা খাত হতে মেটানো হবে;

ঘ) চূড়ান্ত গবেষণা প্রতিবেদন মুদ্রণ ও বিতরণ ব্যয় নেপের গবেষণা খাত থেকে নির্বাহ করা হবে।

## গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

ক) প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অর্থ দুই কিস্তিতে প্রদান করা হবে। গবেষণা কার্যক্রমের সময়সীমা ও কর্মপরিকল্পনার প্রেক্ষিতের প্রথম কিস্তিতে অনুমোদিত গবেষণা বাজেটের শতকরা ৪০ ভাগ অর্থ প্রধান গবেষক অনুকূলে অগ্রিম হিসেবে প্রদান করা হবে এবং প্রধান গবেষক ব্যয়ের বিল-ভাউচার মহাপরিচালক, নেপ বরাবর জমা দিয়ে প্রথম কিস্তিতে গৃহীত অগ্রিম সমন্বয় করবেন।

খ) খসড়া গবেষণা প্রতিবেদন কর্মশালা/সেমিনারে উপস্থাপন, কর্মশালা/সেমিনারে প্রদত্ত সুপারিশের ভিত্তিতে সংশোধন এবং গবেষণা মূল্যায়ন কমিটির ইতিবাচক মতামত প্রাপ্তি সাপেক্ষে এবং চূড়ান্ত প্রতিবেদন (হার্ড কপি এবং সফট কপি) গবেষণা ও শিক্ষাক্রম উন্নয়ন অনুষদের নিকট জমা দেয়ার পর হিসাব শাখা দ্বিতীয় কিস্তিতে বাকি শতকরা ৬০ ভাগ অর্থ প্রধান গবেষক এর অনুকূলে প্রদান করবে। প্রধান গবেষক চূড়ান্ত হিসাব, বিল, ভাউচার, রশিদ, ব্যয়-বিবরণীসহ মহাপরিচালক, নেপ বরাবর জমা দিয়ে গবেষণার হিসাব সমন্বয় করবেন।

## গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের (প্রধান গবেষক এবং গবেষক) লিখিত সম্মতি জ্ঞাপন পত্র

ক) গবেষণা কার্যক্রমে নিয়োজিত প্রধান গবেষক এবং গবেষকগণ প্রত্যেকে নেপকে এই মর্মে লিখিত সম্মতি প্রদান করবেন যে, তারা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সম্পাদনে সর্বাত্মক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা অসম্পূর্ণ রেখে কোন গবেষক গবেষণা কার্যক্রম হতে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) ফেরত প্রদান করবেন।

খ) কোনো গবেষক গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) নেপ-এর হিসাব শাখায় ফেরত না দিলে প্রচলিত আইন PDR Act, 1913 অনুযায়ী তা আদায় করা যাবে।

গ) অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকগণের পরিবর্তন বা প্রতিস্থাপনের ক্ষেত্রে মহাপরিচালক, নেপ-এর অনুমোদন নিতে হবে।

## গবেষণা কার্যক্রমে গৃহীত অর্থের জবাবদিহিতা

গবেষণা কমিটি কর্তৃক নির্ধারিত সময়-সীমার মধ্যে কোনো গবেষণা প্রতিবেদন যথানিয়মে জমা না দিলে কিংবা প্রধান গবেষক/গবেষকগণ কর্তৃক গবেষণা পরিত্যাজ্য হলে অথবা দায়িত্ব পালনে অসমর্থ হলে উক্ত গবেষণা বাতিল বলে গণ্য করা হবে এবং গৃহীত সমুদয় অর্থ প্রধান গবেষক/গবেষকগণ নেপের হিসাব শাখায় ফেরত দিতে বাধ্য থাকবেন। যদি কোনো গবেষণার ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থেকে যায়, তবে তা প্রধান গবেষক/গবেষকগণ নেপে ফেরত প্রদান করবেন ।

## বিবিধ

ক) ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব খাতে পরিচালিত ৬টি ক্ষুদ্র গবেষণা কার্যক্রমের গবেষণা প্রতিবেদনের স্বত্ব নেপ কর্তৃক সংরক্ষিত থাকবে। তবে গবেষক নেপের পূর্বানুমতি সাপেক্ষে তা অন্য কোথাও প্রকাশ করতে পারবেন।

খ) গবেষণা ফলাফলের ও সুপারিশের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিতকরণে গবেষণালব্ধ ফলাফল/তথ্য/প্রতিবেদন বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে । যেমন: সেমিনার ও ওয়ার্কশপ, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েবসাইটে প্রকাশ ইত্যাদি।

ঘ) গ্রন্থপঞ্জির/রেফারেন্সিং এর ক্ষেত্রে American Psychological Association (APA) রেফারেন্সিং সিস্টেমের (সর্বশেষ ভার্সন) অনুসরণ করা হবে।